দৈনিক সংবাদ

তারিখ SEP 1 0 1999
পৃষ্ঠা ৪ কলাম ৬

## রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহের প্রতিমাসের বেতন প্রদান করা হউক

রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ১৯৬৮৪টি। শিক্ষক/শিক্ষিকা প্রায় ৮০ হাজার। তাহারা জুলাই/৯৯ মাসের বেতন বাতা না পেয়ে মানবেতর জীবন যাপন করছে। অথচ( বেসরকারি স্কুল কলেজ, মাদ্রাসা) আগস্ট মাসের বেতন ভাতা ৯ই সেপ্টেম্বর উত্তোলনের শেষ সময় সীমা বেঁধে দিয়েছেন। রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সমূহের প্রতি বিমাতা সুলভ আচরণ করছে সরকার। মননীয় প্রধান মন্ত্রী শেখ হাসিনা ঘোষণা দেন রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকাগণ ৮০% বেতন ভাতা ও মাধ্যমিকের ন্যায় সুযোগ সুবিধা পাবে এবং প্রতি মাসের বেতন জুলাই/৯৯ হতে প্রদান করারও প্রতিশ্রুতি দেন। প্রতিটি গ্রামে একটি করে সরকারি প্রাথমিক বিদ্যালয় স্থাপনের কথা থাকলেও তাহা আজ পর্যন্ত করা হয়নি।

এখানে আমার কথা, দেশবাসীর কথা, শিক্ষক সমাজের কথা চিন্তা ভাবনা করে উর্ধ্বতন কর্তৃপক্ষের আশু দৃষ্টি কমানা করছি।

খগেন চন্দ্র রায়
গংগারহাট
ফুলবাড়ি, কুড়িগ্রাম।